প্রয়াস
কমিউনিটি এডুকেশন ওয়াচ নিউজলেটার ● ষষ্ঠ সংখ্যা, সেপ্টেম্বর ২০১৪

ডিএফআইডি'র হিউম্যান ডেভেলপমেন্ট টীম-এর টীম লিডার ক্যারোলিন সানারসকে ফুল দিয়ে শুভেচ্ছা জানাচ্ছে পারুল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী

ডিএফআইডি প্রতিনিধি দলের কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রম পরিদর্শন

আনন্দে মেতে উঠে পারুল বিদ্যালয়ের শিক্ষার্থীরা

গাইবান্ধা জেলায় প্রত্যাশা প্রকল্পের আওতায় পরিচালিত কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের কার্যক্রম পরিদর্শন করলেন ডিএফআইডি-এর প্রতিনিধি দল। এই পরিদর্শক দলের মধ্যে ছিলেন ডিএফআইডি'র হিউম্যান ডেভেলপমেন্ট টীম-এর টীম লিডার ক্যারোলিন সানারস, প্রোগ্রাম ম্যানেজার তাইও নওবানি এবং এডুকেশন এডভাইজার ফজলে রাব্বানী।

৩১ আগস্ট - ১ সেপ্টেম্বর ২০১৪ পর্যন্ত দুই দিনব্যাপী পরিদর্শন কালে প্রতিনিধি দল কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভা, খানাজরিপে প্রাপ্ত তথ্য অবহিতকরণ সভায় অংশগ্রহণ এবং কমিউনিটির সঙ্গে মতবিনিময় করেন। একইসঙ্গে তারা পারুল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ধনারুহা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষে শিক্ষণ-শিখন প্রক্রিয়াসহ নানাবিধ কার্যক্রম পরিদর্শন করেন ও সাংস্কৃতিক কার্যক্রম উপভোগ করেন। এছাড়াও তারা শিবরাম আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন।

প্রতিনিধি দল বিদ্যালয়ের শিক্ষক, এসএমসি'র সদস্য ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন। তারা বিদ্যালয়ের মান উন্নয়নে গণসাক্ষরতা অভিযানের বিভিন্ন ধরনের সক্ষমতা বিকাশি কার্যক্রম যেমন: আনন্দময় ও কর্মকেন্দ্রিক শিক্ষণ-শিখন বিষয়ক ওরিয়েন্টেশন, শিক্ষা কার্যক্রম ব্যবস্থাপনায় সুশাসন ও জনঅংশগ্রহণ, মডেল বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম, খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যক্রমের প্রশংসা করেন।

এ প্রসঙ্গে ডিএফআইডি'র হিউম্যান ডেভেলপমেন্ট টীম-এর টীম লিডার ক্যারোলিন সানারস বলেন, ব্রিটিশ সরকার বংলাদেশে প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন প্রকল্প ৩-এ সহায়তা প্রদান করে। একটি নিভৃত চরে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের মাধ্যমে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে গৃহীত এসব উদ্যোগ খুবই প্রশংসনীয়।

ডিএফআইডি'র প্রোগ্রাম ম্যানেজার তাইও নওবানি বলেন, মুক্তিনগর এডুকেশন ওয়াচ গ্রুপ বিদ্যালয়ের মান উন্নয়নে অনেক গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। আপনাদের আলোচনা শুনে মনে হয়েছে বিদ্যালয়ের সঙ্গে স্থানীয় শিক্ষা প্রশাসন ও কমিউনিটির একটি ঘনিষ্ঠ যোগসূত্র স্থাপিত হয়েছে।

ডিএফআইডি'র এডুকেশন এডভাইজার ফজলে রাব্বানী কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ, এসএমসি'র সদস্য ও শিক্ষকদের সঙ্গে আলোচনা কালে স্লিপ (SLIP)-এর বাস্তবায়ন প্রক্রিয়া ও প্রয়োগ সংক্রান্ত খুঁটিনাটি বিষয় বিশ্লেষণ করেন।

প্রতিনিধি দল কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রমের প্রকল্প অফিসও পরিদর্শন করেন। তারা বোর্ডে প্রদর্শিত প্রকল্প সংশ্লিষ্ট তথ্য ও আলোকচিত্র ঘুরে ঘুরে দেখেন এবং সংশ্লিষ্ট কর্মীদের সঙ্গে প্রকল্প সম্পর্কে মতবিনিময় করেন। তারা কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রমের বিভিন্ন নথিপত্র পর্যবেক্ষণ করেন। পরিদর্শন কালে ডিএফআইডি প্রতিনিধি দলের সঙ্গে ছিলেন গণসাক্ষরতা অভিযানের উপপরিচালক কে. এম. এনামুল হক ও উপ-কার্যক্রম ব্যবস্থাপক জামিল মুস্তাক এবং উদয়ন স্বাবলম্বী সংস্থার নির্বাহী পরিচালক শাহাদত হেসেন মণ্ডল।

(বিস্তারিত শেষ পাতায় দেখুন)

প্রসঙ্গ: বিদ্যালয়ে দলীয় শিখন অনুশীলন

শ্রেণিকক্ষ বা শ্রেণিকক্ষের বাইরে 'দলীয় শিখন' ব্যবহারে রয়েছে নানা উপায় বা নিয়ম। কোন পদ্ধতিতে দলীয় শিখন পরিচালিত হবে তা নির্ভর করে দলীয় শিখনের বিষয়, শিক্ষার্থীর সংখ্যা, কতক্ষণ সময় আছে বা কোন স্থানে এ পদ্ধতি ব্যবহার হবে তার উপর। এসব কিছু বিবেচনা করেই শিক্ষক সিদ্ধান্ত নেন তিনি কোন পদ্ধতিতে দলীয় শিখন কার্যক্রম পরিচালনা করবেন। যে নিয়মেই হোক না কেন বাংলাদেশে মানসম্মত প্রাথমিক শিক্ষার জন্য প্রয়োজন শ্রেণিকক্ষের পরিবর্তন বা উন্নয়ন। আর এ জন্য 'দলীয় শিখন' চালু করা অত্যধিক প্রয়োজন।

দলীয় শিখনের নানা উপায়

বাজদল: দলীয় শিখনে সবচেয়ে বেশি ব্যবহৃত পদ্ধতি হচ্ছে বাজদল পদ্ধতি। এ পদ্ধতিতে সাধারণত ৪ থেকে ৮ জন শিক্ষার্থীকে নিয়ে বাজদল গঠিত হয়। কোনো সমস্যা বা পাঠের বিষয় নিয়ে নিজেদের মধ্যে আলোচনা করে সমাধানে পৌঁছাই এ দলের মূল কাজ। যেমন: তৃতীয় থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের পরিবেশ পরিচিতি বিজ্ঞান-এর ক্লাসে দলে ভাগ করে প্রশ্ন দেওয়া যেতে পারে। সামাজিক পরিবেশের উপাদান কী কী বা প্রাকৃতিক পরিবেশের মধ্যে কী কী উপাদান রয়েছে– শিক্ষার্থীরা দলীয়ভাবে আলোচনা করে এসব উপাদানের ছবি এঁকে শ্রেণিকক্ষে টানিয়ে দিতে পারে। অথবা উপাদানের তালিকা তৈরি করে দলের পক্ষ থেকে একজন উপস্থাপন করতে পারে। সহায়ক কার্যক্রম বা প্রজেক্ট হিসেবে প্রতিটি দলকে এ বিষয়ে একটি পোস্টার তৈরির কাজ দেওয়া যেতে পারে।

এ ধরনের দলীয় শিখনে কয়েকটি ধাপ অনুসরণ করতে হয়। যেমন- শিক্ষার্থীদের দলে ভাগ করা, দলের একটি নাম দেওয়া, পাঠের সঙ্গে সম্পৃক্ত করে দলীয় আলোচনা বা কাজের বিষয় জানানো, দলীয় আলোচনা বা কাজ চলার সময় সহায়তা প্রদান, দলীয় কাজ বা আলোচনা উপস্থাপনে পরামর্শ প্রদান, দলীয় কাজের উপকরণসমূহ সংরক্ষণ ইত্যাদি।

বাজদল খুব সহজ পদ্ধতি। শিক্ষার্থীদের যে কোনো সময়ে, যে কোনো স্থানে এমনকি খোলামাঠ বা বারান্দায়ও এ ধরনের কাজ করতে দেওয়া যায়। এতে শিক্ষার্থীরা কর্মমুখর থাকে ও আনন্দ পায়। তবে দলীয় কাজ বা আলোচনার জন্য শিক্ষকের পূর্বপ্রস্তুতি নেওয়া এবং প্রয়োজনীয় সকল উপকরণ পূর্বেই জোগাড় করে রাখা প্রয়োজন।

বৃত্তাকারে দাঁড়িয়ে কথা বলা: অনেক বিদ্যালয়ে দেখা যায়, কিছু শিক্ষার্থী কথা বলার সুযোগ পায় না। তারা শ্রেণিকক্ষে পিছনের দিকে বসে। শিক্ষক তাদের প্রতি মনোযোগ দিতে পারেন না। ফলে এসব শিক্ষার্থী ধীরে ধীরে শিক্ষায় পিছিয়ে পড়ে। সব শিক্ষার্থীদের কথা বলার সুযোগ দেওয়ার মাধ্যমে সব শিশুর শিক্ষা নিশ্চিত করার একটি কার্যকর দলীয় শিখন পদ্ধতি হচ্ছে বৃত্তাকারে দাঁড়িয়ে কথা বলা। এ পদ্ধতিতে ৪-৮ জন শিক্ষার্থী দলে ভাগ হয় এবং গোল হয়ে দাঁড়ায়। তারপর এক একজন কোনো বিষয়ে দু-এক মিনিট করে কথা বলে। এভাবে প্রত্যেকে একবার করে কথা বলার পর সবাই বসে মূল কথাগুলো লিপিবদ্ধ করে অথবা অন্য কোনো কাজ করে। এজন্য কেউ কেউ এ পদ্ধতিকে কথা ও কাজ পদ্ধতি বলে থাকেন।

পঞ্চম শ্রেণিতে পরিবেশ দূষণ পাঠে শিক্ষার্থীদের দলে ভাগ করে মাটি দূষণ, পানি দূষণ, বায়ু দূষণের কারণ নিয়ে কথা বলতে দেওয়া যায়। এজন্য কয়েকটি প্রশ্ন দেওয়া যায়। যেমন- পানিতে কী কী ফেললে পানি দূষিত হয়? এ প্রশ্নের উত্তরে সবাই একটি করে শব্দ বলবে। যেমন- ময়লা, থুথু, মল-মূত্র, গোবর ইত্যাদি। এভাবে সকলে কয়েকবারও বলতে পারে। তবে দলের মধ্যে সকলকেই কিছু না কিছু বলতে হবে।

এ পদ্ধতিতে দলীয় শিখন পরিচালনা করতে বাজদলের মতো একই রকমের ধাপ অনুসরণ করতে হয়। তবে এ পদ্ধতির মূলকথা হলো সব শিক্ষার্থীদের কথা বলার সুযোগ দেওয়া এবং কাজে অংশগ্রহণের মাধ্যমে শিক্ষা দেওয়া। (আগামী সংখ্যায় এসব বিষয়ে আরো আলোচনা হতে পারে)।

তপন কুমার দাশ

প্রাথমিক শিক্ষায় সুশাসন বিষয়ক ফলোআপ ওরিয়েন্টেশন

২১ আগস্ট ২০১৪ তারিখে গণসাক্ষরতা অভিযান প্রশিক্ষণ কেন্দ্রে 'প্রাথমিক শিক্ষায় সুশাসন বিষয়ক ফলোআপ ওরিয়েন্টেশন' কোর্স অনুষ্ঠিত হয়েছে। ওরিয়েন্টেশনের উদ্বোধনী অনুষ্ঠানে গণসাক্ষরতা অভিযান-এর উপপরিচালক তপন কুমার দাশ বলেন, সকলের জন্য মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে হলে শিশুদের জন্য আনন্দমুখর পরিবেশ গড়ে তুলতে হবে। সে জন্য বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, এসএমসি, অভিভাবকসহ সকলকে সচেতন হতে হবে। এ ওরিয়েন্টেশনে অভিযানের সদস্য ও সহযোগী সংস্থার প্রতিনিধি, ওয়াচ গ্রুপের সদস্য, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, ইউপি শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি ও এসএমসি'র সদস্যসহ ২৪ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। এতে সুশাসনের ধারণা ও বৈশিষ্ট্য, ওয়াচ গ্রুপের কার্যক্রম, শিক্ষক-এসএমসি-পিটিএ-এর দায়িত্ব, সুশাসন নিশ্চিতকরণে করণীয় ইত্যাদি বিষয়ে আলোচনা হয়।

সুশাসন বিষয়ক ফলোআপ ওরিয়েন্টেশনের রিসোর্স পার্সন ও অংশগ্রহণকারীবৃন্দ

অংশগ্রহণকারীগণ নিজ নিজ নিয়ন্ত্রণাধীন প্রাথমিক বিদ্যালয়ে সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করেন এবং সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ে এসব পরিকল্পনা বাস্তবায়নের অঙ্গীকার করেন। এ কোর্সে সহায়ক হিসেবে অংশগ্রহণ করেন ফ্রিল্যান্স কনসালটেন্ট মেহের আক্তার।

তাজমুন নাহার

ভেদুরিয়া ইউনিয়নে খেলাধুলা ও সাংস্কৃতিক ক্যাম্পেইনে মোরগলড়াইয়ে অংশ নিচ্ছে ছাত্রীরা

ভোলার চাঁচড়া ও ভেদুরিয়া ইউনিয়নে বিদ্যালয়ভিত্তিক খেলাধুলা ও সাংস্কৃতিক ক্যাম্পেইন

গণসাক্ষরতা অভিযান ও গ্রামীণ জন উন্নয়ন সংস্থার যৌথ উদ্যোগে ২১ আগস্ট ২০১৪ তারিখে ভোলার তজুমদ্দিন উপজেলার চাঁচড়া ইউনিয়নে অনুষ্ঠিত হলো বিদ্যালয়ভিত্তিক খেলাধুলা ও সাংস্কৃতিক ক্যাম্পেইন। অনুষ্ঠানের উদ্বোধন করেন তজুমদ্দিন উপজেলা ভাইস চেয়ারম্যান মহিউদ্দিন পোদ্দার। কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ শামছুল হক মাস্টারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন চরলক্ষী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অরুণ কান্তি শীল, নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিরব মাস্টার, মধ্যচাঁচড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আঃ মান্নান, চাঁচড়া পশ্চিমপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মারজিয়া বেগম, দক্ষিণ চাঁচড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফিরোজা বেগম, কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্য তাসলিমা বেগম প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্য মোঃ হারুন উর রশীদ। ক্রীড়ানুষ্ঠানে ১৬টি ইভেন্টে ১৩টি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় দুইশ' জন শিক্ষার্থী অংশ নেয়। বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি শামছুল হক মাস্টার।

৩০ আগস্ট ২০১৪ তারিখে গণসাক্ষরতা অভিযান ও গ্রামীণ জন উন্নয়ন সংস্থার যৌথ উদ্যোগে ভোলার সদর উপজেলার ভেদুরিয়া ইউনিয়নে অনুষ্ঠিত হলো বিদ্যালয়ভিত্তিক খেলাধুলা ও সাংস্কৃতিক ক্যাম্পেইন। কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ অলিউল্লাহ মাস্টারের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন আঃ রশীদ মাস্টার, ব্যাংকেরহাট কোঅপারেটিভ হাই স্কুলের প্রধান শিক্ষক মাওলানা মোঃ ইসমাঈল, ব্যাংকেরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহে আলম, শেরেবাংলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহাঙ্গীর আলম, Gg. nK সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফয়সল আলম, মধ্য চররমেশ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জামাল উদ্দিন, দক্ষিণ ভেদুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহেরা খাতুন প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন মোঃ হাছান মাস্টার। ক্রীড়ানুষ্ঠানে ১৪টি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় দেড়শ' জন শিক্ষার্থী খেলার ১২টি ইভেন্টে অংশ নেয়। খেলাধুলার মধ্যে ছিল ব্যাঙলাফ, মোরগলড়াই, স্মৃতিপরীক্ষা, বিস্কুটদৌড় ও সাংস্কৃতিক অনুষ্ঠান। পরে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

টেলিভিশন চ্যানেল আই-এর খবরে এ অনুষ্ঠানের প্রতিবেদন সম্প্রচার করা হয়।

হারুর উর রশীদ

লস্করপুর ও নিজামপুর ইউনিয়নে শিক্ষার মান উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা ও অবহিতকরণ সভা

গণসাক্ষরতা অভিযান ও এসেড হবিগঞ্জ-এর উদ্যোগে ১৮ জুলাই ২০১৪ তারিখে লস্করপুর ও ২৩ জুলাই ২০১৪ তারিখে নিজামপুর ইউনিয়নে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের কার্যক্রম পর্যালোচনা কর্মশালা ও অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। লস্করপুর ইউনিয়নের কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ইউনিয়নের চেয়ারম্যান মোঃ আলী আমজাদ। নিজামপুর ইউনিয়নের কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ইউনিয়নের চেয়ারম্যান মোঃ আব্দুল আউয়াল তালুকদার। উভয় কর্মশালায় কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্যবৃন্দ, ইউপি সদস্য, এসএমসি সদস্য ও বিদ্যোৎসাহী ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন। কর্মশালায় শিক্ষার মান উন্নয়নে ইতোমধ্যে বাস্তবায়িত কার্যক্রমসমূহ নিয়ে আলোচনা এবং বিদ্যমান সমস্যা সমাধানে করণীয় চিহ্নিত করা হয়।

উভয় ইউনিয়নে শিক্ষানুরাগী ব্যক্তিবর্গ, এডুকেশন ওয়াচ গ্রুপ ও ইউপি সদস্যসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের উপস্থিতিতে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। লস্করপুর ইউনিয়নে এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ খোরশেদ আলী ও নিজামপুর ইউনিয়নে এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি ও সাবেক উপজেলা ভাইস-চেয়ারম্যান প্রফেসর মোঃ আবিদুর রহমান অবহিতকরণ সভায় সভাপতিত্ব করেন। উভয় সভায় প্রধান অতিথি ছিলেন হবিগঞ্জের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ আব্দুর রউফ।

cv_©gK wk¶vq RbAskMnY weIqK gZvebgq mfvq e³e¨ ivL‡Qb nvwMÖ‡Ai AvZvi ³ †Rjv ckvmK (mvwe©K) †gvt Avãyj iDd

নিজামপুর ইউনিয়নে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে জনঅংশগ্রহণ বিষয়ক মতবিনিময় সভা

২১ জুলাই ২০১৪ তারিখে গণসাক্ষরতা অভিযান ও এসেড-এর সহায়তায় হবিগঞ্জ সদর উপজেলার নিজামপুর ইউনিয়ন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের আয়োজনে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে জনঅংশগ্রহণ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। এই মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন হবিগঞ্জের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ আব্দুর রউফ, বিশেষ অতিথি ছিলেন নিজামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আব্দুল আউয়াল তালুকদার। নিজামপুর কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি প্রফেসর আবিদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই মতবিনিময় সভায় প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে করণীয় বিষয়ে আলোচনা করেন ইউপি সদস্য মোঃ আব্দুল কাদির, মোঃ আব্দুর রউফ ও মোঃ আব্দুর রউফ তালুকদার। অতিরিক্ত জেলা প্রশাসক বলেন, উন্নয়নের পূর্বশর্ত হচ্ছে শিক্ষা। আর শিক্ষার উন্নয়নে করণীয়-এর মূলক্ষেত্র হচ্ছে প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন।

জাফর ইকবাল চৌধুরী

ভদ্রঘাট ও ধানগড়া কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের বার্ষিক কর্মপরিকল্পনা ও অর্জিত ফলাফলের উপর আলোচনা

গণসাক্ষরতা অভিযান ও এনডিপি'র যৌথ উদ্যোগে ১৯ জুলাই ২০১৪ তারিখে সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার ভদ্রঘাট ও ২০ জুলাই রায়গঞ্জ উপজেলার ধানগড়া ইউনিয়ন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের বার্ষিক কর্মপরিকল্পনা ও অর্জিত ফলাফলের উপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষক-শিক্ষিকা, এসএমসি ও পিটিএ সদস্য, ইউপি সদস্য, ওয়াচ গ্রুপের সদস্য, অভিভাবক, সাংবাদিক, বিদ্যোৎসাহী ব্যক্তি এবং ইউপি চেয়ারম্যানসহ প্রায় দুইশ' জন ব্যক্তি উপস্থিত ছিলেন। এসব অনুষ্ঠানে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের পক্ষ থেকে বার্ষিক পরিকল্পনা অনুযায়ী অর্জিত ফলাফল ইউনিয়নের জনসাধারণের সম্মুখে তুলে ধরা হয়। কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ে অংশগ্রহণকারীগণ উন্মুক্ত মতামত পেশ করেন। এ সভায় স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নের জন্য কমিউনিটির অংশগ্রহণের উপর গুরুত্ব আরোপ করা হয়। সভায় উপস্থিত সকলেই নিজ নিজ অবস্থান থেকে সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের পরিবেশ ও শিক্ষার মান উন্নয়নে যথাযথ দায়িত্ব পালনের অঙ্গীকার করেন।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের বার্ষিক পরিকল্পনা ও অর্জন বিষয়ক আলোচনা সভা

ওয়াচ গ্রুপের সঙ্গে শিক্ষা প্রশাসনের মতবিনিময় সভা: মনিটরিং ও সহযোগিতার আশ্বাস

২২ ও ২৪ জুলাই ২০১৪ তারিখে যথক্রমে সিরাজগঞ্জের কামারখন্দ উপজেলার ঝাঐল ও রায়গঞ্জ উপজেলার পাঙ্গাসী ইউনিয়ন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সঙ্গে কামারখন্দ ও রায়গঞ্জ উপজেলা শিক্ষা প্রশাসনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান, কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় প্রাথমিক শিক্ষা উন্নয়নের বিভিন্ন দিক এবং করণীয় বিষয়ে আলোচনা করা হয়। এ মতবিনিময় সভার ফলে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সঙ্গে উপজেলা প্রশাসনের যোগসূত্র এবং সেতুবন্ধন তৈরি হয়, যা প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সকলে আশাবাদ ব্যক্ত করেছেন। সভায় শিক্ষা প্রশাসনের পক্ষ থেকে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে যথাযথ মনিটরিং ও সহযোগিতার আশ্বাস প্রদান করা হয়। কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের পক্ষ থেকে তারা বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ উন্নয়ন ও শিক্ষার্থীদের শতভাগ উপস্থিতি নিশ্চিতকরণের প্রতিশ্রুতি দেন।

আরিফুল ইসলাম

আমঝুপির গন্ধরাজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মা সমাবেশে ঝরেপড়া রোধে অঙ্গীকার

৪ সেপ্টেম্বর ২০১৪ তারিখে মেহেরপুরের আমঝুপি ইউনিয়নের গন্ধরাজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্তরে প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, ঝরেপড়া রোধ ও অনিয়মিত ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ে প্রেরণ বিষয়ে আলোচনার জন্য মা সমাবেশ আয়োজন করা হয়। গণসাক্ষরতা অভিযান-এর সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক ও ওয়াচ কমিটি এ সমাবেশের আয়োজন করে। গন্ধরাজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি'র সভাপতি মোঃ সাখাওয়াত হোসেনের সভাপতিত্বে এ অনুষ্ঠান শুরু হয়। সভায় মানব উন্নয়ন কেন্দ্র মউক-এর পক্ষ থেকে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য উপস্থাপন করা হয়। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন গন্ধরাজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ কিতাব আলী, মোঃ সিরাজুল ইসলাম, মোঃ আকতারুল ইসলাম প্রমুখ। সভায় ঝরে পড়া, বাল্যবিবাহ রোধসহ অনিয়মিত ছাত্র-ছাত্রীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য এসএমসি, শিক্ষক, পিটিএ ও ওয়াচ কমিটি যৌথভাবে নানাবিধ কর্মসূচি গ্রহণ করেন। অভিভাবকগণ শিক্ষক ও এসএমসি সদস্যদেরকে বিদ্যালয়ে শিক্ষার পরিবেশ উন্নয়নের আহ্বান জানান। একই সঙ্গে মায়েরা বিদ্যালয়ের শিক্ষার্থী ঝরেপড়া রোধকল্পে কার্যকর ভূমিকা পালনের অঙ্গীকার করেন।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের বার্ষিক পরিকল্পনা সভা

দারিয়াপুর ও মোনাখালীতে প্রাথমিক শিক্ষা কর্মসূচি পরিকল্পনা ও ব্যবস্থাপনায় সুশাসন বিষয়ক প্রশিক্ষণ

১৫ ও ১৬ জুলাই ২০১৪ তারিখে যথাক্রমে মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর ও মোনাখালী কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ সদস্যদের নিয়ে প্রাথমিক শিক্ষা কর্মসূচি পরিকল্পনা ও ব্যবস্থাপনায় সুশাসন বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। দারিয়াপুরে প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে সভাপতিত্ব করেন এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ ওয়াজেদ আলী। মোনাখালীতে প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে সভাপতিত্ব করেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ রেকাব উদ্দীন। অতিথি হিসেবে বক্তব্য রাখেন মোনাখালী ইউপি চেয়ারম্যান মোঃ শফিকুল ইসলাম। দারিয়াপুরের প্রশিক্ষণ পরিচালনা করেন গণসাক্ষরতা অভিযান-এর উপ-কার্যক্রম ব্যবস্থাপক মিজানুর রহমান আখন্দ। মোনাখালীতে মুজিবনগর উপজেলার শিক্ষা কর্মকর্তা মোঃ আপিল উদ্দীন সেশন পরিচালনা করেন। দুটি প্রশিক্ষণেই কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্য, শিক্ষক, এসএমসি'র সভাপতি, জনপ্রতিনিধি ও অভিভাবকসহ ৩০ জন করে প্রতিনিধি অংশগ্রহণ করেন।

সাদ আহাম্মদ

সিধুলী ও জোড়খালী কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের কার্যক্রম পর্যালোচনা ও আগামী বছরের পরিকল্পনা গৃহীত

গণসাক্ষরতা অভিযান ও আদর্শ পল্লী উন্নয়ন সংস্থা (আপউস)-এর যৌথ উদ্যোগে ১৮ মে ২০১৪ তারিখে জামালপুরের মাদারগঞ্জ উপজেলার সিধুলী ইউনিয়নে এবং ২১ মে ২০১৪ তারিখে জোড়খালী ইউনিয়নের 'কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের কার্যক্রম পর্যালোচনা ও পরিকল্পনা সভা' অনুষ্ঠিত হয়। সিধুলী ইউনিয়নের সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি সামসউদ্দীন আহম্মেদ এবং জোড়খালী ইউনিয়নের সভায় সভাপতিত্ব করেন ওয়াচ গ্রুপের সদস্য মিনহাজ উদ্দিন। বক্তাগণ কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের বিভিন্ন কার্যক্রমের সফলতা ও দুর্বলতাগুলো তুলে ধরেন। এরপর কার্যক্রমের সফলতা ও দুর্বলতা নিয়ে উন্মুক্ত আলোচনা হয়। দুর্বলতাগুলো কীভাবে দূর করে পরবর্তী কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করা যায় সভায় সে লক্ষ্যে আগামী এক বছরের জন্য পরিকল্পনা গৃহীত হয়। এ দু'টি সভায় প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, এসএমসি সদস্য ও ওয়াচ গ্রুপের সদস্যসহ ২৫ জন করে প্রতিনিধি অংশগ্রহণ করেন।

অবহিতকরণ সভায় শিবরাম আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনকারী ও অংশগ্রহণকারীবৃন্দ

শ্রেষ্ঠ বিদ্যালয় পরিদর্শন পরবর্তী অবহিতকরণ সভা: শিক্ষার মান উন্নয়নের অঙ্গীকার

গণসাক্ষরতা অভিযান ও আদর্শ পল্লী উন্নয়ন সংস্থা (আপউস) কর্তৃক বাস্তবায়নাধীন প্রত্যাশা প্রকল্পের আওতায় মাদারগঞ্জ উপজেলার জোড়খালী ইউনিয়ন ও সিধুলী ইউনিয়নের 'কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ'-এর ১৬ জন সদস্য গাইবান্ধা জেলার শিবরাম আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন। এটি বাংলাদেশের অন্যতম শ্রেষ্ঠ প্রাথমিক বিদ্যালয়। এ বিদ্যালয় পরিদর্শন শেষে সিধুলী ইউনিয়নের চরভাটিয়ানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি সদস্য, শিক্ষক, শিক্ষিকা, অভিভাবক ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে অনুষ্ঠিত অবহিতকরণ সভায় পরিদর্শনকারীগণ লব্ধ অভিজ্ঞতার আলোকে মতবিনিময় করেন। এ সভায় তারা শিবরামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার গুণগত মান, পাঠ পরিচালনা পদ্ধতি, প্রশাসনিক কাঠামো, এসএমসি, শিক্ষক ও অভিভাবকগণের ভূমিকা নিয়ে বিশদভাবে আলোচনা করেন। আলোচনা শেষে অত্র বিদ্যালয়ের এসএমসি, শিক্ষক, অভিভাবক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ শিবরাম আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনুকরণে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে যথাসাধ্য চেষ্টা করে যাবেন বলে অঙ্গীকার করেন।

আবদুল হাই

ফুলছড়ি এডুকেশন ওয়াচ গ্রুপের বার্ষিক কর্মপরিকল্পনা পর্যালোচনা ও আগামী এক বছরের বাজেট প্রণয়ন

১২ আগস্ট ২০১৪ তারিখে গাইবান্ধার ফুলছড়ি কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের বার্ষিক কর্মপরিকল্পনা ও পর্যালোচনা সভা টেংরাকান্দি এম. এ. সবুর দাখিল মাদ্রাসা মাঠে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফুলছড়ি কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মো: আ: রহিম প্রামানিক। প্রধান অতিথি ছিলেন টেংরাকান্দি এম. এ. সবুর দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট মো: আব্দুস ছালাম। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ইউনিয়নের বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক, এসএমসি'র সদস্যবৃন্দ, কমিউনিটি এডুকেশন ওয়াচ কমিটির সদস্যসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। সভায় চলমান কাজের পর্যালোচনা করা হয়। এরপর আগামী এক বছরের জন্য একটি কর্মপরিকল্পনা ও পঁচাত্তর হাজার টাকার একটি বাজেট তৈরি করা হয়। এ সভায় উপস্থিত সকলেই নিজ নিজ আওতাধীন প্রাথমিক বিদ্যালয়ের পরিবেশ উন্নয়ন, শিক্ষার মান উন্নয়ন, শিক্ষক ও শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ এবং ঝরেপড়া রোধে যথাযথ দায়িত্ব পালনের অঙ্গীকার করেন।

এডুকেশন ওয়াচ গ্রুপের বার্ষিক কর্ম-পরিকল্পনা সভায় আলোচক ও সুধীজন

প্রাথমিক শিক্ষা কর্মসূচি পরিকল্পনা ও ব্যবস্থাপনায় সুশাসন বিষয়ক রিফ্রেশার্স প্রশিক্ষণ

১২ আগস্ট ২০১৪ তারিখে গাইবান্ধার গজারিয়া ইউনিয়ন পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হয় প্রাথমিক শিক্ষা কর্মসূচি পরিকল্পনা ও ব্যবস্থাপনা বিষয়ক দিনব্যাপী রিফ্রেশার্স প্রশিক্ষণ। এ প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গজারিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মনোতোষ রায়। রিসোর্স পার্সন ছিলেন ফুলছড়ি উপজেলা শিক্ষা অফিসার মোঃ নজরুল ইসলাম, ফুলছড়ি ইউআরসি'র ইনস্ট্রাক্টর মোঃ মমিদুল হক, সাঘাটা ইউআরসি'র ইনস্ট্রাক্টর আব্দুল বাকী সরকার, ফুলছড়ি উপজেলার সহকারী শিক্ষা কর্মকর্তা মোঃ আব্দুল ওয়াহেদ। উল্লেখ্য, প্রশিক্ষণে গত ১২ ও ১৩ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা কর্মসূচি ও ব্যবস্থাপনায় সুশাসন বিষয়ক ওরিয়েন্টেশনের কর্মপরিকল্পনা পর্যালোচনা ও নতুন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়। উক্ত ওরিয়েন্টেশনে সুশাসনের ধারণা ও বৈশিষ্ট্য, সুশাসন নিশ্চিতকরণে করণীয়, কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের কার্যক্রম, দায়িত্ব ও কর্তব্য ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। সকলেই সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ে সুশাসন প্রতিষ্ঠায় যথাযথ দায়িত্ব পালনের প্রতিশ্রুতি দেন।

মোঃ আনছারুজ্জামান মোল্লা

ইউনিয়ন পর্যায়ে জাতীয় শিক্ষানীতি ২০১০ বিষয়ক আলোচনা সভা: শিক্ষানীতি বাস্তবায়নের জোর দাবি

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এলাকায় গণসাক্ষরতা অভিযান ও সেরা'র যৌথ আয়োজনে অনুষ্ঠিত হয় ইউনিয়ন পর্যায়ে জাতীয় শিক্ষানীতি ২০১০ বিষয়ক মতবিনিময় সভা। জাতীয় শিক্ষানীতি ২০১০ সম্পর্কে শিক্ষা সংশ্লিষ্ট অংশীজনদেরকে অবহিত করার লক্ষ্যে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ১৪ জুলাই নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলার আগিয়া ইউনিয়নে, ২৩ জুলাই হোগলা ইউনিয়নে, ২১ জুলাই দুর্গাপুর উপজেলার দুর্গাপুর ইউনিয়নে এবং ১৪ আগস্ট ২০১৪ তারিখে বিরিশিরি ইউনিয়নে এ সভা অনুষ্ঠিত হয়। এসব আলোচনা সভায় ইউনিয়ন পরিষদ সদস্য, ওয়াচ গ্রুপের সদস্য, শিক্ষক, পিটিএ ও এসএমসি সদস্যরা উপস্থিত ছিলেন। সভায় জাতীয় শিক্ষানীতির প্রেক্ষাপট, লক্ষ্য, উদ্দেশ্য এবং বাস্তবায়ন কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রাক-প্রাথমিক শিক্ষা, শিক্ষক ও এসএমসি'র দায়িত্ব-কর্তব্য এবং শিক্ষার মান উন্নয়নে ইউনিয়ন পরিষদের ভূমিকা নিয়ে পর্যালোচনা করে দেখা যায়, জাতীয় শিক্ষানীতিতে উল্লিখিত ১৭টি প্রস্তাব অর্জনে শিক্ষকদের আন্তরিক উদ্যোগ গ্রহণের কোনো বিকল্প নেই। প্রতিটি সভা থেকে জাতীয় শিক্ষানীতি অনুসরণে শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের জোর দাবি ওঠে।

শিখন-শেখানো প্রক্রিয়ার চ্যালেঞ্জসমূহ: আমাদের করণীয় বিষয়ক কর্মশালার উদ্বোধনী পর্বে আলোচক ও অতিথিবৃন্দ

প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে জনঅংশগ্রহণ বিষয়ক মতবিনিময় সভায় সক্রিয় অংশগ্রহণের প্রতিশ্রুতি

গণসাক্ষরতা অভিযান এবং 'সেরা'র যৌথ উদ্যোগে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এলাকা নেত্রকোণায় ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত হয় প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে জনঅংশগ্রহণ বিষয়ক মতবিনিময় সভা। ১৫, ১৬ ও ১৭ জুলাই ২০১৪ তারিখে যথাক্রমে দুর্গাপুর, হোগলা ও আগিয়া ইউনিয়নে সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষা কার্যক্রমে জনঅংশগ্রহণ বৃদ্ধিকল্পে অনুষ্ঠিত হয় এ মতবিনিময় সভা। সভায় ইউপি এডুকেশন স্ট্যান্ডিং কমিটির সদস্য, কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্য, এসএমসি ও পিটিএ সদস্য, শিক্ষক এবং সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন। সভায় সহায়কের দায়িত্ব পালন করেন সেরা'র নির্বাহী পরিচালক এস. এম. মজিবুর রহমান। সভায় এসএমসি ও পিটিএ-এর দায়িত্ব-কর্তব্য, শিক্ষক ও অভিভাবকদের দায়িত্ব, ইউনিয়ন পরিষদের শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির দায়িত্ব এবং প্রাথমিক শিক্ষার বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে জনগণের ভূমিকা কী হতে পারে তা নিয়ে আলোচনা করা হয়। অংশগ্রহণকারীগণ মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে শিক্ষা কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণের প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

এস. এম. মজিবুর রহমান

আমিরপুর ও বালিয়াডাঙ্গায় প্রাথমিক শিক্ষা কর্মসূচি ব্যবস্থাপনায় সুশাসন বিষয়ক ওরিয়েন্টেশন

গণসাক্ষরতা অভিযান ও আশ্রয় ফাউন্ডেশন-এর যৌথ আয়োজনে ১৮-১৯ আগস্ট ২০১৪ তারিখে বটিয়াঘাটা উপজেলার আমিরপুর ইউনিয়ন পরিষদ মিলনায়তনে এবং ২০-২১ আগস্ট ২০১৪ তারিখে বটিয়াঘাটা উপজেলার বালিয়াডাঙ্গা ইউনিয়ন পরিষদ মিলনায়তনে 'প্রাথমিক শিক্ষা কর্মসূচি পরিকল্পনা ও ব্যবস্থাপনায় সুশাসন' বিষয়ক দুই দিনব্যাপী ওরিয়েন্টেশন কর্মসূচি অনুষ্ঠিত হয়। এ দুটি ওরিয়েন্টেশনে সেশন পরিচালনা করেন রোকেয়া জামান। আমিরপুর ইউনিয়নের ওরিয়েন্টেশনে এডুকেশন ওয়াচ গ্রুপ সদস্য, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, এসএমসি ও পিটিএ সদস্য, জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসনের প্রতিনিধিসহ মোট ৩৩ জন অংশগ্রহণ করেন, যার মধ্যে ছিলেন ১০ জন নারী এবং বালিয়াডাঙ্গা ইউনিয়নে ১৪ জন নারীসহ ৩০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। আমিরপুর ইউনিয়নের ওরিয়েন্টেশনের সূচনা হয় কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ লায়েক আলীর স্বাগত বক্তব্যের মাধ্যমে এবং সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আমিরপুর ইউনিয়নের চেয়ারম্যান খাইরুল ইসলাম রনি। বালিয়াডাঙ্গা ইউনিয়নের ওরিয়েন্টেশন উদ্বোধন করেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ শহিদুল্লাহ এবং সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বালিয়াডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান গোলাম হাসান।

ইউপি এডুকেশন স্ট্যান্ডিং কমিটির সদস্যদের সঙ্গে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের মতবিনিময় সভা

শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সাথে মতবিনিময় সভা: সমন্বিতভাবে কাজ করার অঙ্গীকার

গণসাক্ষরতা অভিযান ও আশ্রয় ফাউন্ডেশনের যৌথ আয়োজনে ডুমুরিয়া উপজেলার শরাফপুর ও সাহস ইউনিয়নে যথাক্রমে ১৩ জুলাই ও ২২ জুলাই ২০১৪ তারিখে এবং বটিয়াঘাটা উপজেলার আমিরপুর ও বালিয়াডাঙ্গা ইউনিয়নে যথাক্রমে ১০ জুলাই ও ২০ জুলাই ২০১৪ তারিখে ইউপি শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সঙ্গে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ সদস্যদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন ইউপি শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্যবৃন্দ। এ অনুষ্ঠানের মধ্যে দিয়ে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ ও শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির মধ্যে একটি যোগসূত্র তৈরি হয়। সভায় স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের নানাবিধ সমস্যা, উন্নয়ন কর্মকাণ্ড ও শিক্ষার মান উন্নয়ন বিষয়ে আলোচনা হয় এবং সকলেই প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সমন্বিতভাবে কাজ করার অঙ্গীকার করেন।

বনশ্রী ভান্ডারী

মানসম্মত শিক্ষার জন্য প্রয়োজন কর্মকেন্দ্রিক ও আনন্দময় শিক্ষা

গণসাক্ষরতা অভিযান ২৪-২৮ আগস্ট ২০১৪ পর্যন্ত পাঁচ দিনব্যাপী 'প্রাথমিক শিক্ষায় কর্মকেন্দ্রিক শিখন পদ্ধতির পরিকল্পনা ও ব্যবস্থাপনা' বিষয়ক ধারণাপ্রদায়ী প্রশিক্ষণ আয়োজন করে। এ প্রশিক্ষণের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিকল্পনা শাখার পরিচালক মনীন্দ্রনাথ রায়, বিশেষ অতিথি ছিলেন ন্যাশনাল ফ্রন্ট অব টিচার্স এন্ড এমপ্লয়ীজ-এর প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। গণসাক্ষরতা অভিযানের উপ-পরিচালক তপন কুমার দাশ অংশগ্রহণকারীদের স্বাগত জানান এবং প্রশিক্ষণের উদ্দেশ্য ব্যাখ্যা করেন। জেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, থানা শিক্ষা অফিসার, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী শিক্ষকসহ ১৪ জন নারী ও ১৩ জন পুরুষ নিয়ে মোট ২৭ জন প্রশিক্ষণার্থী এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

কর্মকেন্দ্রিক শিখন পদ্ধতি পরিকল্পনা ও ব্যবস্থাপনা শীর্ষক ধারণাপ্রদায়ী প্রশিক্ষণের উদ্বোধনীপর্ব

প্রশিক্ষণের আলোচ্যসূচির মধ্যে ছিল জাতীয় শিক্ষানীতি ২০১০ ও এর অঙ্গীকার, পিইডিপি ৩-এর মৌলিক কার্যক্রম ও লক্ষ্যমাত্রা, মানসম্মত প্রাথমিক শিক্ষা অর্জনের চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়, কর্মকেন্দ্রিক ও আনন্দদায়ক শিক্ষার ধারণা ও শিক্ষকের ভূমিকা, দলীয় শিখন পদ্ধতি ও শিক্ষকের করণীয়, বিদ্যালয়ের সামগ্রিক পরিবেশ ও সহপাঠক্রমিক কার্যাবলীর গুরুত্ব, শ্রেণিকক্ষের পরিবেশ, শিক্ষকের যোগাযোগ ও উপস্থাপন দক্ষতা, শিক্ষার্থী মূল্যায়ন ও পরীক্ষা পদ্ধতি, বিদ্যালয়ে জনঅংশগ্রহণ ও সমন্বয় সাধন, শিক্ষা কার্যক্রমে জেন্ডার ইত্যাদি। এ প্রশিক্ষণে সহায়ক ছিলেন ডিপিই, নায়েম, এনসিটিবি, আইইআর, বিওইউ ও গণসাক্ষরতা অভিযান-এর প্রশিক্ষকবৃন্দ।

আনন্দদায়ক পরিবেশে হাতেকলমে অনুশীলনের মাধ্যমে অনুষ্ঠিত হয় এই প্রশিক্ষণ। এ প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ শ্রেণিকক্ষে ব্যবহার উপযোগী বিভিন্ন উপকরণ তৈরি করেন এবং নিজ নিজ আওতাভুক্ত বিদ্যালয়সমূহে অনুরূপ উপকরণ তৈরি ও ব্যবহারের অঙ্গীকার ব্যক্ত করেন। একই সঙ্গে তারা শ্রেণিকক্ষে দলীয় কাজ, ডিসপ্লে এবং অন্যান্য কর্মকেন্দ্রিক শিক্ষা পদ্ধতি ব্যবহারের কর্ম-পরিকল্পনা গ্রহণ করেন। প্রশিক্ষণের সমাপনী পর্বে ২০১১ সালের জাতীয় পুরস্কারপ্রাপ্ত শ্রেষ্ঠ উপজেলা শিক্ষা কর্মকর্তা জিয়াউদ্দিন আহমেদ বলেন, গণসাক্ষরতা অভিযান কর্তৃক আয়োজিত এ প্রশিক্ষণটি দেশের সব শিক্ষা কর্মকর্তা ও শিক্ষকদের জন্য অবশ্যই প্রয়োজন।

জিয়াউদ্দিন আহমেদ

শামীম আরা কলি

কমিউনিটি নিরীক্ষা অভিজ্ঞতা বিনিময় পরামর্শ সভা

গণসাক্ষরতা অভিযান ২৬ আগস্ট ২০১৪ তারিখে সিভিল সোসাইটি এডুকেশন ফান্ড (সিএসইএফ)-এর সহায়তায় স্পেক্ট্রা কনভেনশন সেন্টারে কমিউনিটি নিরীক্ষা অভিজ্ঞতা বিনিময় পরামর্শ সভা আয়োজন করে। এ পরামর্শ সভার কর্ম অধিবেশনে সভাপতিত্ব করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. কাজী সালেহ আহমেদ এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ (বিআইডিএস)-এর সিনিয়র রিসার্চ ফেলো ড. আনোয়ারা বেগম। গণসাক্ষরতা অভিযান-এর উপপরিচালক কে. এম. এনামুল হক এ সভার উদ্দেশ্য ও কর্মসূচি উপস্থাপন করেন। এ সভায় অন্যান্যের মধ্যে অভিজ্ঞতা বিনিময় করেন ন্যাশনাল ফ্রন্ট অব টিচার্স এন্ড এমপ্লয়ীজ-এর প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এস. এম. নুরুল ইসলাম, ব্র্যাকের শিক্ষা গবেষণা ইউনিটের প্রধান সমীর রঞ্জন নাথ, নায়েম-এর সাবেক মহাপরিচালক ড. আনোয়ারুল হক, শিক্ষাবার্তা'র সম্পাদক এ. এন. রাশেদা প্রমুখ। কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রম বাস্তবায়নকারী সহযোগী সংস্থার সংশ্লিষ্ট প্রতিনিধি, এডুকেশন ওয়াচ গ্রুপ সদস্য এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ এ পরামর্শ সভায় অংশগ্রহণ করেন।

কমিউনিটি নিরীক্ষা অভিজ্ঞতা বিনিময় পরামর্শ সভার কর্ম-অধিবেশন

কর্ম অধিবেশনে বাংলাদেশে কমিউনিটি নিরীক্ষা ও কমিউনিটির অংশগ্রহণের পাঁচটি মডেল উপস্থাপন করা হয়। একশনএইড প্রতিনিধি তাদের কর্মসূচির মানবাধিকার ভিত্তিক এপ্রোচ এবং কমিউনিটির ওয়াচডগ ভূমিকা তুলে ধরেন। ঢাকা আহ্ছানিয়া মিশন, আরডিআরএস এবং মানুষের জন্য ফাউন্ডেশন প্রতিনিধিগণ সামাজিক নিরীক্ষা কার্যক্রমের অংশ হিসাবে কমিউনিটি স্কোর কার্ডের প্রক্রিয়া ও ফলাফল তুলে ধরেন। রস্ক প্রকল্পের পক্ষ থেকেও প্রকল্প বাস্তবায়ন ও মনিটরিং কাজে কমিউনিটির অংশগ্রহণের অভিজ্ঞতা তুলে ধরা হয়।

এ পরামর্শ সভায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনায় স্লিপ (School Learning Improvement Plan - SLIP) ও ইউপেপ (Upzila Primary Education Plan - UPEP) বাস্তবায়নে আরো স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের ক্ষেত্রে কমিউনিটির ওয়াচডগ ভূমিকা পালনের নানামুখী পন্থা অনুসরণের বিষয় আলোচিত হয়। এ পরামর্শ সভার সঙ্গে কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রম বাস্তবায়নকারী সহযোগী সংস্থা ও শিক্ষক সমিতির সংশ্লিষ্ট প্রতিনিধিদের নিয়ে দুই দিনব্যাপী সক্ষমতা উন্নয়ন কর্মশালা অনুষ্ঠিত হয়।

সামছুন নাহার কলি

ফুলছড়ি ইউনিয়নের খানাজরিপে প্রাপ্ত ফলাফল বিষয়ক মতবিনিময় সভায় বক্তব্য দিচ্ছেন ডিএফআইডি'র হিউম্যান ডেভেলপমেন্ট টীম-এর টীম লিডার ক্যারোলিন সানারস

পারুল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষে ডিএফআইডি'র প্রতিনিধি দল

আনন্দে মেতে উঠে পারুল বিদ্যালয়ের শিক্ষার্থীরা

(প্রথম পাতার পর)

পারুল সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন

৩১ আগস্ট ২০১৪ তারিখ সকালে পরিদর্শক দল ফুলছড়ি ইউনিয়নের ট্যাংরাকান্দি গ্রামের পারুল সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন। বিদ্যালয়ে পৌঁছলে শিক্ষার্থীরা তাদের ফুল দিয়ে অভ্যর্থনা জানায়। এরপর তারা বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণিকক্ষ পরিদর্শন করেন। দুর্গম, জনবিচ্ছিন্ন এবং বন্যাকবলিত এমন একটি এলাকার বিদ্যালয়ে বিভিন্ন কাজে শিক্ষার্থীদের আনন্দ ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ, দলগতভাবে বসা ও দলীয় কাজ, সবল শিক্ষার্থীদের মাধ্যমে দুর্বল শিক্ষার্থীদের শিক্ষাদান প্রক্রিয়া, শিক্ষার্থীদের আঁকা ছবি ও তাদের তৈরি শিখন উপকরণ দেয়ালে প্রদর্শন, বাস্তব উপকরণ ব্যবহার করে পাঠদান কার্যক্রম পরিচালনা ইত্যাদি দেখে পরিদর্শক দল অভিভূত হন। আর শিক্ষার্থীরাও অতিথিদের পেয়ে আনন্দে মেতে উঠে। তারা নেচে-গেয়ে অতিথিদের স্বাগত জানায়।

খানাজরিপে প্রাপ্ত ফলাফলের উপর মতবিনিময় সভা

৩১ আগস্ট ২০১৪ তারিখ দুপুরে টেংরাকান্দি মাদ্রাসা মাঠে অনুষ্ঠিত হয় ফুলছড়ি ইউনিয়নের আর্থ-সামাজিক খানাজরিপে প্রাপ্ত তথ্য অবহিতকরণ ও মতবিনিময় সভা। উক্ত অনুষ্ঠানে সরকারি কর্মকর্তা, স্কুল ও কলেজের শিক্ষক, জনপ্রতিনিধি, সাংবাদিক, খানাজরিপ কাজে নিয়োজিত কর্মীবৃন্দ ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্যসহ প্রায় ২০০ জন অংশগ্রহণ করেন। খানাজরিপে প্রাপ্ত তথ্য উপস্থাপন করেন গণসাক্ষরতা অভিযান-এর উপপরিচালক কে. এম. এনামুল হক। এমন একটি নিখুঁত, বিস্তৃত ও বাস্তবসম্মত জরিপ কাজ সম্পাদনের জন্য ফুলছড়ি ইউনিয়নের চেয়ারম্যান এম. এ. সবুর গণসাক্ষরতা অভিযান, উদয়ন স্বাবলম্বী সংস্থা ও জরিপ কর্মীদের ধন্যবাদ জানান। তিনি বলেন, এই জরিপের তথ্য আমার জন্য একটি বড় আয়না। এটা শুধু আমার কাজে লাগবে তা নয় বরং এটি সরকারের বিভিন্ন ডিপার্টমেন্ট ও অন্যান্য এনজিও-ও ব্যবহার করতে পারবে। এলাকার উন্নয়নে এটি একটি বড় হাতিয়ার হিসেবে কাজ করবে।

শিবরাম আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন

১ সেপ্টেম্বর ২০১৪ তারিখে ডিএফআইডি প্রতিনিধি দল গাইবান্ধার শিবরাম আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন। প্রতিনিধি দল শিবরাম আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পৌঁছলে কাব দল ফুল দিয়ে অতিথিদের বরণ করে নেয়। এরপর বিদ্যালয়ে শিক্ষার্থীদের এসেম্বলি, সাংস্কৃতিক অনুষ্ঠান, বিভিন্ন শ্রেণিতে পাঠের অগ্রগতি, শিক্ষকদের পাঠদান কৌশল ইত্যাদি পর্যবেক্ষণ করেন। অতঃপর পরিদর্শক দল বিদ্যালয়ের শিখন-শেখানো কার্যক্রম আরো গতিশীল ও ফলপ্রসূ করার জন্য কিছু উদ্যোগ যেমন- পাঠাগার, কম্পিউটার ল্যাব, বিজ্ঞান কর্নার, ভৌগোলিক কর্নার, শিক্ষা মিউজিয়াম ইত্যাদি পরিদর্শন করেন। পরিদর্শক দল বিদ্যালয়ের শিক্ষক, এসএমসি'র সদস্যদের সঙ্গেও মতবিনিময় করেন। বিদ্যালয়ের সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণ করে পরিদর্শক দল অভিভূত হন। এ বিষয়ে গণসাক্ষরতা অভিযান-এর উপপরিচালক কে. এম. এনামুল হক বলেন, শিবরাম আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয় আমাদের অভিজ্ঞতার আধার। শিবরাম বিদ্যালয়ের সঙ্গে গণসাক্ষরতা অভিযানের কিছু প্রত্যক্ষ ও পরোক্ষ কার্যক্রম রয়েছে। শিবরাম বিদ্যালয়ের কমিউনিটির উদ্যোগ ও অবদান আমরা প্রত্যাশা প্রকল্পের আওতায় গঠিত ৩২টি কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের মাঝে বিনিময় এবং এ বিদ্যালয় পরিদর্শনের ব্যবস্থা করে থাকি। যার মাধ্যমে অন্য এলাকায় এই অভিজ্ঞতাগুলো বিদ্যালয়ের মান উন্নয়নে অবদান রাখতে শুরু করেছে।

ধনারুহা সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন

১ সেপ্টেম্বর ২০১৪ তারিখ বিকালে মুক্তিনগর কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের আওতাধীন ধনারুহা সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন ডিএফআইডি প্রতিনিধি দল। এখানে তারা শিক্ষক, পিটিএ ও এসএমসি'র সদস্য, এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন। এ পর্যায়ে সকলে বিদ্যালয়ের মান উন্নয়নে এডুকেশন ওয়াচ গ্রুপ কর্তৃক গৃহীত নানাবিধ উদ্যোগের কথা তুলে ধরেন।

জামিল মুস্তাক

গণসাক্ষরতা অভিযান কর্তৃক কমিউনিটি এডুকেশন ওয়াচ নিউজলেটার 'প্রয়াস' নিয়মিত প্রকাশিত হচ্ছে। এই পত্রিকাটির মান উন্নয়নে মতামত প্রদানের জন্য সকলের প্রতি আহ্বান জানানো হচ্ছে। এ ব্যাপারে যে কোনো ধরনের মতামত গণসাক্ষরতা অভিযান-এর ঠিকানায় পাঠানোর অনুরোধ রইল।

ডিএফআইডি-এর সহায়তায় গণসাক্ষরতা অভিযান কর্তৃক
৫/১৪ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ থেকে প্রকাশিত।
ফোন : ৮১১৫৭৬৯, ৯১৩০৪২৭, ৮১৫৫০৩১-২, ফ্যাক্স : ৯১২৩৮৪২
ই-মেইল : info@campebd.org; ওয়েব : www.campebd.org